# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৫০

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ উল্লেখিত ব্যক্তি দুনিয়াতে কবর খনন করতো (মৃত ব্যক্তিদের কাফনের কাপড় চুরি করার জন্য)

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ هَذَا الرَّجُلَ كَانَ ينبُشُ الْقُبُورَ فِي الدُّنْيَا

আরবী

650 - أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعٍ حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُعَاذِ بْنِ مُعَاذٍ حَدَّثَنَا أَبِي حَدَّثَنَا شُعْبَةُ عَنْ عَبْدِ الْمَلِكِ بْنِ عُمَيْرٍ عَنْ رِبْعِيِّ بْنِ حِرَاشٍ عَنْ حُذَيْفَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (تُوُفِّيَ رَجُلٌ كَانَ نَبَّاشاً فقَالَ لِوَلَدِهِ: احْرِقُونِي ثُمَّ اسْحَقُونِي فَذُرُّونِي فِي الرِّيحِ فسُئِلَ: مَا صَنَعْتَ؟ قَالَ: مَخَافَتُكَ يَا رَبِّ قَالَ: فَغَفَرَ له)

الراوي : حُذَيْفَة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 650 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৬৫০. হুযাইফা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “একজন ব্যক্তি মারা যায়, যিনি (মৃত ব্যক্তিদের) কবর খনন করতো (কাফনের কাপড় চুরি করার জন্য)। তিনি তার সন্তানদের বলেন: “তোমরা আমাকে পুড়িয়ে চূর্ণ-বিচূর্ণ করবে, অতঃপর আমাকে বাতাসে উড়িয়ে দিবে।” অতঃপর তাকে জিজ্ঞেস করা হয়: “এমন কাজ কেন করেছো?” জবাবে সে বলে: “তোমার ভয়ে, হে আমার প্রতিপালক।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “অতঃপর আল্লাহ তাকে ক্ষমা করে দেন।”[1]

ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৩৪৮৯; নাসাঈ: ৪/১১৩; আবু নু‘আইম, হিলইয়াতুল আওলিয়া: ৮/১২৪।

আল্লামা শু‘আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৩০৪৮।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89152

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন